

ক্রমিক নং-	পদের নাম ও বেতন স্কেল	যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	কম্পট্রোলারঃ ১টি বেতন স্কেলঃ ২৯,০০০-১,১০০x৬-৩৫,৬০০/-	প্রার্থীর সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে বাণিজ্য/ব্যবসা প্রশাসনে মাস্টার্স ডিগ্রী এবং একাউন্টস্ সংক্রান্ত কাজে ১ম শ্রেণীর পদে সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ১৫(পনের) বৎসরের চাকুরী অভিজ্ঞতা থাকিতে হইবে। যাহার মধ্যে ডেপুটি কম্পট্রোলার/সমমান বা তদুর্ধ্ব পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(প্রকৌশলী আবুল বাসার)  
রেজিষ্ট্রার  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৫/০৯/২০১১ তারিখের ৮২২ স্মারক মাধ্যমে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হইতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের আবেদনের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের সত্যায়িত অনুলিপি এবং কোন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে গৃহীত চারিত্রিক সনদপত্রসহ বর্ণিত পদপ্রার্থীদেরকে আবেদনপত্র দাখিল করিতে হইবে। আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে “রেজিষ্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত বর্ণিত পদের জন্য ৫০০/= (পাঁচশত) টাকার রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ -এর ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।
- উল্লেখিত পদের আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ : ১১/১০/২০১১ খ্রিঃ। উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয় আগামী ০২/১০/২০১১ তারিখ হইতে ০৬/১০/২০১১ তারিখ পর্যন্ত দুর্গাপূজা উপলক্ষ্যে বন্ধ থাকিবে বিধায় উক্ত সময়ে আবেদনপত্র গ্রহণ এবং আবেদন ফরম বিতরণ করা হইবে না।
- অত্র বিশ্ববিদ্যালয় চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যাইতে পারে।
- অত্র বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নীতিমালা মোতাবেক বিভাগীয় প্রার্থীদের অভিজ্ঞতা শিথিল করা হইবে। বিভাগীয় প্রার্থী বলিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে বুঝাইবে। অভিজ্ঞতার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের জন্য সরকার অনুমোদিত বিধিমালা মোতাবেক প্রদত্ত চাকুরীকাল গণনার নীতিমালা অনুসরণ করা হইবে। কেবলমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত পর্যায়োন্নয়নকৃত কর্মকর্তার অভিজ্ঞতা বিবেচনা করা হইবে।
- বর্ণিত পদের জন্য ২ সেট আবেদনপত্র (যাবতীয় কাগজ-পত্রাদিসহ) দাখিল করতে হইবে।
- সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকিবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হইবে।
- প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানোর ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হইবে না।

(প্রকৌশলী আবুল বাসার)  
রেজিষ্ট্রার  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।